কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান/ শিক্ষক-কর্মচারী/ শিক্ষার্থীদের

# আর্থিক অনুদান সংক্রান্ত সেবা

## [ব্যবহার সহায়িকা]

১৫ মার্চ ২০২৬

# নাগরিক রেজিস্ট্রেশন

আর্থিক অনুদানের জন্য শিক্ষার্থী/ শিক্ষক-কর্মচারী সরাসরি অনলাইনে আবেদন করতে পারবেন না। প্রকাশিত বিজ্ঞপ্তিতে (বিজ্ঞপ্তি দেখতে ক্লিক করুন) উল্লিখিত নির্দেশনা অনুসরনপূর্বক প্রতিষ্ঠান প্রধান আবেদন প্রাথমিকভাবে যাচাই করে মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে অনলাইনে দাখিল করবেন। মাইগভ (myGov) প্ল্যাটফর্ম (www.mygov.bd) এর মাধ্যমে অনলাইনে আবেদন করার জন্য প্রথমে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

myGov এ রেজিস্ট্রেশন করতে হলে হোম পেইজে গিয়ে **'রেজিস্ট্রেশন'** বাটনে ক্লিক করুন। রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করার পর নতুন একাউন্ট তৈরি করতে ইংরেজিতে নাম ও মোবাইল নম্বর (**মোবাইল নম্বরটি ব্যানবেইসের সর্বশেষ বার্ষিক শিক্ষা জরিপ-২০২৫ এর তথ্যানুযায়ী প্রদান করতে হবে অথবা স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে সংরক্ষিত ও হালনাগাদকৃত ইবতেদায়ী প্রধানের মোবাইল নম্বর প্রদান করতে হবে**) লিখে **'রেজিস্ট্রেশন করুন'** বাটনে ক্লিক করুন।








এখানে ইংরেজিতে আপনার নাম লিখুন

BANBEIS এর ডাটাবেইজে আপনার যে ব্যক্তিগত মোবাইল নম্বর দেওয়া আছে ঐ মোবাইল নম্বরটি এখানে ইংরেজিতে লিখুন। অথবা, **স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে সংরক্ষিত মোবাইল নম্বর এখানে ইংরেজিতে লিখুন।**


**'রেজিস্ট্রেশন করুন'** বাটনে ক্লিক করুন

**‘রেজিস্ট্রেশন করুন’** বাটনে ক্লিক করলে প্রদত্ত মোবাইল নম্বরে **‘৬ সংখ্যার OTP’** আসবে। **OTP** নম্বর টি প্রদান করে **‘সাবমিট করুন’** বাটনে ক্লিক করুন।




OTP সাবমিট করার পর পছন্দ মতো পাসওয়ার্ড প্রদান করে **‘পাসওয়ার্ড হালনাগাদ করুন’** বাটনে ক্লিক করুন।




কমপক্ষে ৮ ডিজিটের **‘পাসওয়ার্ড’** প্রদান করুন


**‘পাসওয়ার্ড’** টি পুনরায় লিখুন

**বি.দ্র.: পার্সওয়ার্ডে অন্তত একটি বড় হাতের অক্ষর (ABC), একটি ছোট হাতের অক্ষর (abc), একটি সংখ্যা (123) এবং একটি বিশেষ অক্ষর (!@#%&*) থাকতে হবে।**


**‘পাসওয়ার্ড হালনাগাদ করুন’** বাটনে ক্লিক করুন

# প্রোফাইল লগ-ইন

রেজিষ্ট্রেশন সম্পন্ন হয়ে গেলে **‘নাগরিক লগইন’** বাটনে ক্লিক করে myGov পোর্টালে লগইন করুন।




**‘নাগরিক লগইন’** বাটনে ক্লিক করার পর রেজিস্ট্রেশনের সময় ব্যবহৃত মোবাইল নম্বর ও পাসওয়ার্ড দিয়ে **‘লগইন করুন’** বাটনে ক্লিক করুন।





ইংরেজিতে **‘মোবাইল নম্বর’** লিখুন


**‘পাসওয়ার্ড’** লিখুন

**‘লগইন করুন’** বাটনে ক্লিক করুন

# প্রোফাইল ব্যবস্থাপনা

প্রথমে মাইগভ প্ল্যাটফর্মে লগইন করুন। এরপর, মাইগভ একাউন্ট হোল্ডারের নামের উপর ক্লিক করে **'প্রোফাইল'** বাটন সিলেক্ট করুন। প্রোফাইলে সকল ফিল্ড পুরন, ছবি ও প্রয়োজনীয় ডকুমেন্ট আপলোড করে হালনাগাদ বাটনে ক্লিক করুন।





প্রোফাইল বাটনে ক্লিক করে **'ছবি আপলোড করুন'** এবং প্রয়োজনীয় সকল তথ্য প্রদান করুন।


**'ডকুমেন্ট আপলোড'** বাটনে ক্লিক করে প্রয়োজনীয় ডকুমেন্ট আপলোড ও সংরক্ষণ করুন।

তথ্য পূরণের পর **'হালনাগাদ করুন'** বাটনে ক্লিক করলে প্রোফাইল হালনাগাদ হয়ে যাবে।



myGov
এক ঠিকানায় সরকারি সেবা

# শিক্ষক প্রোফাইল ব্যবস্থাপনা





প্রথমে প্রোফাইলের বামে **শিক্ষক প্রোফাইল যাচাইকরণ** বাটনে ক্লিক করবেন।

**এরপর, প্রোফাইল টাইপ** থেকে স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা প্রতিষ্ঠানের ক্ষেত্রে **EIIN ব্যতিত-** বাটনে ক্লিক করুন। এরপর **মাদ্রাসা কোড নম্বর** ইংরেজিতে লিখুন।

অন্যদিকে, **প্রোফাইল টাইপ** থেকে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে **EIIN সহ-** বাটনে ক্লিক করুন। এরপর, **EIIN** নম্বর ইংরেজিতে লিখুন।

**দাখিল করুন** বাটনে ক্লিক করলে প্রদত্ত তথ্য যাচাইপূর্বক প্রতিষ্ঠান প্রধানের **শিক্ষক প্রোফাইল** প্রস্তুত হবে।



### বিশেষ জ্ঞাতব্য:

প্রোফাইলে সকল তথ্য (আপনার ব্যক্তিগত তথ্য যেমন, নাম (বাংলা, ইংরেজি), পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, ধর্ম, লিঙ্গ, ঠিকানা ইত্যাদি) পূরণ এবং শিক্ষক প্রোফাইল যাচাই করার পর কাঙ্ক্ষিত সেবায় আবেদন করা যাবে।

**এ পর্যায়ে সকল তথ্য পূরণ করার পর, প্রোফাইল সিঙ্ক্রোনাইজেশন করতে হবে-**


প্রোফাইল সিঙ্ক্রোনাইজেশন করতে প্রোফাইল পেইজে যাওয়ার পর পেইজের ডান পাশে উপরে আপনার নামের পাশের ৯টি ডটের বাটনে ক্লিক করে মাইগভের লোগো'তে ক্লিক করলে প্রোফাইল সিঙ্ক্রোনাইজেশন হবে।




**বি.দ্র.: ব্যক্তিগত তথ্য ও শিক্ষক প্রোফাইল যাচাই সম্পন্ন হওয়ার পর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আর্থিক অনুদান সংক্রান্ত সেবার জন্য আবেদন করা যাবে।**

# সেবা অনুসন্ধান

যে সেবার জন্য আবেদন করতে ইচ্ছুক, ঐ সেবার নাম **‘সেবা অনুসন্ধান করুন’** সার্চ অপশনে লিখে **‘অনুসন্ধান’** বাটনে ক্লিক করুন। অথবা **‘সেবার খাত ভিত্তিক’** বাটনে ক্লিক করেও সেবা অনুসন্ধান করা যায়।





## সেবা খাত ভিত্তিক অনুসন্ধান:

সেবা খাত ভিত্তিক অনুসন্ধান করতে ওয়েব পেইজের নিচের অংশে ডান দিকে **শিক্ষা প্রতিষ্ঠান/ শিক্ষক-কর্মচারী/ শিক্ষার্থীর আর্থিক অনুদান** ট্যাবে ক্লিক করুন।



এরপর, প্রদর্শিত পেইজ থেকে কাঙ্ক্ষিত সেবা নির্বাচন করুন।






**বি.দ্রঃ উল্লিখিত সেবা সমূহের মধ্যে কারিগরি ও মাদ্রাসা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের জন্য সেবার নামের পাশে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ লেখা আছে।**

# আবেদন প্রক্রিয়া

আর্থিক অনুদানের জন্য শিক্ষার্থী/ শিক্ষক-কর্মচারী সরাসরি অনলাইনে আবেদন করতে পারবেন না। প্রকাশিত বিজ্ঞপ্তিতে (বিজ্ঞপ্তি দেখতে ক্লিক করুন) উল্লিখিত নির্দেশনা অনুসরনপূর্বক প্রতিষ্ঠান প্রধান আবেদন প্রাথমিকভাবে যাচাই করে মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে অনলাইনে দাখিল করবেন। কাঙ্ক্ষিত সেবা নির্বাচন করার পর সেবা সংক্রান্ত তথ্য প্রদর্শিত হবে। সেবা সংশ্লিষ্ট তথ্য ও নির্দেশনা মোতাবেক সকল তথ্য ও ডকুমেন্ট প্রস্তুত থাকলে **'আবেদন করুন'** বাটনে ক্লিক করুন।

**[দৃষ্টি আকর্ষণ: শিক্ষক প্রোফাইল প্রস্তুত হওয়ার পর মাইগভ প্ল্যাটফর্মে 'আবেদন করুন' বাটন পাওয়া যাবে। প্রতিষ্ঠান প্রধান এর মাধ্যমে আর্থিক অনুদান সংক্রান্ত আবেদন দাখিল করতে হবে।]**








**'আবেদন করুন'** বাটনে ক্লিক করার পর আবেদন ফর্ম উন্মুক্ত হবে। আবেদন ফরমের প্রয়োজনীয় তথ্য শিক্ষক প্রোফাইল থেকে স্বয়ংক্রিয়ভাবে পুরণ হয়ে যাবে। আবেদনের অন্যান্য ফিল্ড শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক পুরণ করতে হবে।

আবেদনপত্র যথাযথভাবে পুরণের জন্য নিম্নোক্ত ধাপ অনুসরণ করুন:

**ধাপ-০১:**

আবেদন ফরমের উপরে প্রাপক অফিস থেকে **কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ** নির্বাচন করুন।





**ধাপ-০২:**

যে শিক্ষার্থীর জন্য আবেদন করতে ইচ্ছুক, তাঁর প্রয়োজনীয় তথ্য জন্ম নিবন্ধন সনদ/ প্রমাণক অনুযায়ী পূরণ করুন।


উল্লেখ্য, **মোবাইল নম্বর (ইংরেজি)** ঘরে অবশ্যই শিক্ষার্থী/ অভিভাবকের বৈধ এবং সচল **নগদ রেজিস্ট্রেশনকৃত ব্যক্তিগত মোবাইল নম্বর** লিখতে হবে। **নগদ মার্চেন্ট/এজেন্ট নম্বর গ্রহণযোগ্য হবে না।**

**ধাপ-০৩:**

আবেদন ফরমের সকল তথ্য যথাযথভাবে পূরণ করার পর সংযুক্তি অংশে প্রয়োজনীয় ডকুমেন্ট/সংযুক্তি যথাযথভাবে আপলোড করতে হবে।




সংযুক্তি আপলোড করার জন্য ডানপাশে সংযুক্তি আপলোড বাটনে ক্লিক করে ডিভাইসের লোকেশন থেকে সংশ্লিষ্ট ডকুমেন্ট নির্বাচন করুন। অতঃপর, Open বাটনে ক্লিক করে সংযুক্তি আপলোড করুন।




সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড হয়ে গেলে আই বাটন দৃশ্যমান হবে। এই বাটনে ক্লিক করে আপলোডকৃত ডকুমেন্ট দেখা যাবে।



**ধাপ-০৪:**


আবেদন ফরমের সকল তথ্য যথাযথভাবে পুরণ ও প্রয়োজনীয় সংযুক্তি আপলোড সম্পন্ন করার পর **আবেদনটি দপ্তরে দাখিল করুন** বাটনে ক্লিক করুন।

(বি.দ্র.: আবেদনপত্র পূরণ করার পর **খসড়া আবেদন প্রোফাইলে সংরক্ষণ করুন** বাটনে ক্লিক করলে আবেদনটি দপ্তরে দাখিল না হয়ে আবেদনকারীর প্রোফাইলে সংরক্ষিত থাকবে। এ ক্ষেত্রে মনে রাখতে হবে, সংরক্ষণকৃত **আবেদনটি দপ্তরে দাখিল করুন** বাটনে ক্লিক না করা পর্যন্ত তা দপ্তরে দাখিল হবে না।)




এ ধাপে **'আবেদনটি দপ্তরে দাখিল করুন'** বাটনে ক্লিক করলে আবেদনপত্রে পূরণকৃত তথ্য ও সংযুক্তি প্রি-ভিউ দেখা যাবে।

সকল তথ্য ও সংযুক্তি সঠিক থাকলে **আবেদনটি দাখিল করুন** বাটনে ক্লিক করে আবেদনপত্র দাখিল সম্পন্ন করুন।





আবেদন দাখিল সম্পন্ন হলে আবেদনকারীর মোবাইল নম্বরে SMS এর মাধ্যেমে নোটিফিকেশন পাওয়া যাবে। এছাড়া আবেদনকারী তার প্রোফাইলের ড্যাশবোর্ডে আবেদনের সর্বশেষ অবস্থা দেখতে পারবেন।

# আবেদন ট্র্যাকিং

আবেদনের সর্বশেষ অবস্থা জানতে নিম্নের ধাপ সমূহ অনুসরণ করুন।

- ✓ মোবাইল নম্বর ও পাসওয়ার্ড দিয়ে মাইগভ প্ল্যাটফর্মে লগ-ইন করুন।
- ✓ মাইগভ ব্যবহারকারীর নামের উপর ক্লিক করে ড্যাশবোর্ড বাটন সিলেক্ট করুন।
- ✓ দাখিলকৃত আবেদনসমূহ থেকে নির্দিষ্ট আবেদনের উপর ক্লিক করে আবেদনের সর্বশেষ অবস্থা দেখুন।




## বিশেষ দ্রষ্টব্য:

- আবেদনপত্র যাচাই বাছাই করার পর অনুদানের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান/ শিক্ষক-কর্মচারী/ শিক্ষার্থীর তালিকা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইটে (https://tmed.gov.bd/ ) প্রকাশ করা হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষক-কর্মচারী/ শিক্ষার্থীর নগদ মোবাইল ব্যাংকিং একাউন্টে অনুদানের অর্থ স্বয়ংক্রীয়ভাবে জমা হবে এবং মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।
- অনুদানের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রদত্ত ব্যাংক একাউন্ট নম্বরে অনুদানের অর্থ প্রেরণ করা হবে এবং মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

# মাইগভ সাপোর্ট সেবা

- ✓ মাইগভ প্ল্যাটফর্মে আবেদন সংক্রান্ত যাবতীয় তথ্য সেবা পেতে ফোন করুন: **333**

- ✓ মাইগভ প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশন ও আবেদন প্রক্রিয়ার ভিডিও টিউটোরিয়াল দেখতে ক্লিক করুন: https://www.youtube.com/watch?v=BYoq8Anhs1o&t=11s

- ✓ কারিগরি সাপোর্টের জন্য মাইগভ প্ল্যাটফর্ম (www.mygov.bd/) এর ‘হেল্প ডেস্ক’ থেকে কারিগরি সেবা বাটন ক্লিক করুন এবং কারিগরি ফরম পুরণ করুন।